



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) গতকাল অনুষ্ঠিত সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ  
ছবি: নিজস্ব আলোকচিত্রী

## ইউআইইউ স্নাতকদের উদ্দেশে সমাবর্তন বক্তা অর্জিত জ্ঞান দেশ ও সমাজের সেবায় কাজে লাগাতে হবে

নিজস্ব প্রতিবেদক ■

বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) পঞ্চম সমাবর্তন গতকাল অনুষ্ঠিত হয়েছে। এতে সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সমাবর্তন বক্তৃতায় স্নাতকদের উদ্দেশে তিনি বলেন, অর্জিত জ্ঞান শুধু সনদ লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় কাজে লাগাতে হবে। পাশাপাশি দেশ ও জনগণের কল্যাণে আত্মনিয়োগ করতে হবে।

রাজধানীর মাদানি এভিনিউয়ে অবস্থিত ইউআইইউর স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। আরো বক্তব্য রাখেন ইউআইইউর উপাচার্য (ডেজিগনেট) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা ও ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে মানসম্মত বিশ্ববিদ্যালয় স্থাপন এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার জন্য বেসরকারি উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আমি সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে তাদের আত্মনিয়োগ করার আহ্বান জানান।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ইউআইইউর বোর্ড অব ট্রাস্টিজের সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষাবিদ ও গণমাধ্যম কর্মীরা ছাড়াও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন।

এবারের সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের ৯৬২ জন শিক্ষার্থীর হাতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি তুলে দেয়া হয়। এছাড়া চারজন কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদক দেয়া হয়।